দৈনিক ইত্তেফাক

MAR. 07 2002

তারিখ ............
পৃষ্ঠা ৭ ... কলাম ... ৭ ....

# হামদর্দ ভেষজ বিশ্ববিদ্যালয় স্থাপন করবে

চট্টগ্রাম অফিস ।। ইউনানী চিকিৎসাবিজ্ঞানী হাকিম মোহাম্মদ ইউছুফ হারুণ ভুঁইয়ার জন্মদিন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তারা বলেন, ইউনানী ভেষজ তথা হার্বাল চিকিৎসার সেকেলে পদ্ধতিকে আধুনিকায়ন করে হামদর্দ জনগণের স্বাস্থ্য সেবায় তাৎপর্যপূর্ণ অবদান রাখছে। এই চিকিৎসা ব্যবস্থার উপর মানুষের হারানো আস্থা পুনরায় অর্জন, দেশে একটি হার্বাল বিজ্ঞান নগরী স্থাপন এবং অদূর ভবিষ্যতে

(১০ম পৃঃ দ্রঃ)

## হামদর্দ

(৭ম পৃঃ দ্রঃ)

হামদর্দ বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ এগিয়ে চলেছে। গত ১লা মার্চ নগরীর একটি হোটেলে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ।

সভাপতিত্ব করেন হামদর্দের উপ-ব্যবস্থাপক (বিক্রয়) হাকিম মোহাম্মদ কামালউদ্দিন। আলোচনায় অংশ নেন সাবেক সংসদ সদস্য আবুল কালাম, ডাঃ মোহাম্মদ নুরুল আলম, গবেষক ডাঃ কিউএম অহিদুল আলম, মেমন মাতৃসদন হাসপাতালের কনসালট্যান্ট ডাঃ প্রীতি বড়ুয়া, ডাঃ ফজলুল বারী, ডাঃ এইচ,এম, আহসানুল হক, ডাঃ মোহাম্মদ জহিরুদ্দিন চৌধুরী, বাদল বড়ুয়া এবং মাওলানা মুহাম্মদ ইকবাল ইউসুফ।